



ডুলাহাজারা সাফারি পার্ক পরিদর্শনে প্রধানমন্ত্রী তারেক রহমান



ডুলাহাজারা সাফারি পার্ক পরিদর্শনে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

কক্সবাজার সফরের অংশ হিসেবে ডুলাহাজারা সাফারি পার্ক পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার দুপুরে পিএমখালী ইউনিয়নে পাতলী খাল পুনঃখনন কার্যক্রম উদ্বোধনের পর তিনি সাফারি পার্কে যান। এ সময় তার সঙ্গে ছিলেন সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।

পার্কে পৌঁছে প্রধানমন্ত্রী বিভিন্ন এলাকা ঘুরে দেখেন এবং বন্যপ্রাণী সংরক্ষণ কার্যক্রম সম্পর্কে খোঁজখবর নেন। সফরকালে তাকে বেশ উৎফুল্ল দেখা যায়। এর আগে কক্সবাজার বিমানবন্দরে পৌঁছে নিজেই গাড়ি চালিয়ে কর্মসূচি স্থলে যান তারেক রহমান। পরে সেখান থেকে ডুলাহাজারা সাফারি পার্কেও নিজেই গাড়ি চালিয়ে পৌঁছান। পুরো পথজুড়ে স্থানীয় বাসিন্দা ও দলীয় নেতাকর্মীরা তাকে শুভেচ্ছা জানান।

কক্সবাজারের চকরিয়া উপজেলার ডুলাহাজারায় অবস্থিত এই সাফারি পার্ক দেশের প্রথম সাফারি পার্ক হিসেবে পরিচিত। পাহাড়, বনাঞ্চল, জলাধার ও উন্মুক্ত পরিবেশে বিভিন্ন প্রজাতির বন্যপ্রাণীর আবাস গড়ে উঠেছে এখানে।

১৯৮০-৮১ অর্থবছরে বন বিভাগের উদ্যোগে হরিণ প্রজননকেন্দ্র হিসেবে যাত্রা শুরু হয় এ স্থাপনার। পরবর্তীতে এটি দেশের প্রথম সাফারি পার্কে রূপান্তরিত হয় এবং বর্তমানে কক্সবাজারের অন্যতম পর্যটন আকর্ষণ হিসেবে পরিচিত।